তারিখ 09 MAR 2017
পৃষ্ঠা ৩ কলাম ৬

যুগান্তর

# শিক্ষাপ্রতিষ্ঠান উন্নয়নে অনুদান দিচ্ছে ভারত

যুগান্তর রিপোর্ট

শিক্ষাপ্রতিষ্ঠান উন্নয়নে ১২ কোটি ৮ লাখ টাকা অনুদান দিচ্ছে ভারত। 'কন্সট্রাকশন অব খালিশপুর কলেজিয়েট গার্লস স্কুল ইন খুলনা সিটি কর্পোরেশন এরিয়া শীর্ষক প্রকল্প বাস্তবায়নে এ অর্থ ব্যয় করা হবে। এ জন্য বাংলাদেশ সরকার ও ভারত সরকারের মধ্যে একটি অনুদান চুক্তি সই হয়। বুধবার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) ভারপ্রাপ্ত সচিব কাজী শফিকুল আযম, ভারতের হাইকমিশনার হর্ষবর্ধন শ্রীংলা ও খুলনা সিটি কর্পোরেশনের মেয়র মোহাম্মদ মনিরুজ্জামান মনি অনুদান চুক্তিতে সই করেন। চুক্তি সইয়ের অনুষ্ঠানে জানানো হয়, দু'দেশের মধ্যে ২০১০ সালে ১ বিলিয়ন মার্কিন ডলারের প্রথম ক্রেডিট লাইন অ্যাগ্রিমেন্ট সই হয়। এরই ধারাবাহিকতায় দু'দেশের মধ্যে ২ বিলিয়ন মার্কিন ডলারের নমনীয় ঋণ সহায়তার জন্য দ্বিতীয় ক্রেডিট লাইন অ্যাগ্রিমেন্ট সই হয় ২০১৬ সালে। এসব ঋণ ছাড়াও ভারত বাংলাদেশকে আর্থসামাজিক অবকাঠামো খাতে স্বল্প মেয়াদি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য অনুদান সহায়তা প্রদানে ২০১৩ সালে একটি সমঝোতা স্মারক সই করে। এ সমঝোতা স্মারকের আওতায় এখন পর্যন্ত ৩টি প্রকল্প চূড়ান্ত করা হয়েছে, যার পরিমাণ ৫৮ কোটি ৩২ লাখ টাকা। নতুনভাবে স্বাক্ষরিত সমঝোতা স্মারকটি ভারতীয় স্বল্প মেয়াদি উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়ন হতে যাওয়া তৃতীয় প্রকল্প।